

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

ডুমুরিয়া, খুলনা।

dumuria.khulna.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৪৭৩০.০০১.০৭.০২১.১৯- ২৬৯

তারিখ : ১৩ চৈত্র, ১৪২৫ বঃ
২৭ মার্চ, ২০১৯ খ্রিঃ

মহল্লাদার নিয়োগ বিজ্ঞপ্তি

ডুমুরিয়া উপজেলার শরাফপুর ও ডুমুরিয়া ইউনিয়ন পরিষদের মহল্লাদার এর শূন্য পদে নিয়োগ প্রদানের নিমিত্ত বর্ণিত পদে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মহল্লাদার	ওয়ার্ড নম্বর
০১.	শরাফপুর ইউনিয়ন	১ জন	৮নং ওয়ার্ড
০২.	ডুমুরিয়া ইউনিয়ন	১ জন	৭নং ওয়ার্ড

শর্তাবলী :

১। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা :-

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :-

(এ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (আ) বুকের মাপ ৩০ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)।

(ঐ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

মহিলা প্রার্থীর ক্ষেত্রে :-

(এ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, (আ) বুকের মাপ ২৮ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।

(ঐ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

২। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীকে অষ্টম শ্রেণি পাস বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩। আবেদনকারীকে স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রে জীবন বৃত্তান্ত যেমন নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

৪। ০১-০৪-২০১৯ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

৫। বয়স প্রমাণস্বরূপ আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি বা জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি ও শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ সংযুক্ত করতে হবে।

৬। আবেদনপত্রের সাথে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি দাখিল করতে হবে ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদ দাখিল করতে হবে।

৭। আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ দাখিল করতে হবে।


৮। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা বরাবরে আবেদন করতে হবে।

৯। যে কোন তফসিলী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা এর বরাবরে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০। আবেদনকারীকে উল্লেখিত ইউনিয়নের নির্ধারিত ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে অথবা ঐ ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

- ১১। আবেদনপত্র আগামী ১৫-০৪-২০১৯ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে।
- ১২। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অধাধিকার দেওয়া হবে।
- ১৩। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত কোটা পদ্ধতি (যতদূর সম্ভব) অনুসরণ করা হবে।



(মোছাঃ শাহনাজ বেগম)


উপজেলা নির্বাহী অফিসার

ডুমুরিয়া, খুলনা

ফোন : ০৪০২৫-৫৬০০১ (অফিস)

ফ্যাক্স : ০৪০২৫-৫৬১৬০ (অফিস)

E-mail: unodumuria@mopa.gov.bd



স্মারক নম্বর : ০৫.৪৪.৪৭৩০.০০১.০৭.০২১.১৯-২৫৭ (০৩)

তারিখ : ১৩ চৈত্র, ১৪২৫ বঃ
২৭ মার্চ, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। জেলা প্রশাসক, খুলনা।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
- ৫। উপজেলা..... কর্মকর্তা (সকল), ডুমুরিয়া, খুলনা। তাঁর অফিসের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য লটকানোর অনুরোধ করা হলো।
- ৬। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), ডুমুরিয়া, খুলনা। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। অফিস কপি/নোটিশ বোর্ড ওয়েব পোর্টাল।



উপজেলা নির্বাহী অফিসার

ডুমুরিয়া, খুলনা

